মূল সাজেশনের অতিরিক্ত অংশ

# এসএসসি পরীক্ষার প্রশ্ন ও উত্তর

## সকল বোর্ড-২০১৫

**ইসলাম ও নৈতিক শিক্ষা** বিষয় কোড : | ১ | ১ | ১ |

**সৃজনশীল প্রশ্ন**

সময়-২ ঘণ্টা ১০ মিনিট মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো **ছয়টি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.** ▶ আকরাম সাহেব ও আদনান সাহেব দুই বন্ধু। আকরাম সাহেব ব্যবসা করে প্রচুর অর্থ উপার্জন করেছেন। তার ধারণা কর্মের দ্বারাই তিনি উপার্জন করেছেন এবং তাকদির বলে কিছু নেই। পক্ষান্তরে আদনান সাহেব পবিত্র কুরআন ও মহানবি (স) কে ঠাট্টা উপহাস করেন। তারা উভয়েই নিজেদেরকে ইমানদার ও মুসলমান বলে দাবি করেন।

ক. আখিরাত শব্দের অর্থ কী? ১

খ. ইমান বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. আকরাম সাহেবের ধারণা কিসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. আদনান সাহেবের কর্মকাণ্ডের পরিণতি ও কুফল ইসলামের আলোকে বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ আফজাল ও আফতাব দুই বন্ধু। আফজাল পার্থিব লোভ-লালসা ও স্বার্থ রক্ষায় এতটাই লিপ্ত যে, অপরের অকল্যাণ ও অমঙ্গল করতে পিছপা হয় না। সমাজে সন্দেহ ও বিশৃঙ্খলা সৃষ্টি করে বেড়ায়। এমনকি তার কথা ও কাজে মিল নেই। অন্যদিকে আফতাবের ধারণা পৃথিবীতে যখন মানবতার চরম বিপর্যয় ঘটবে তখন আল্লাহ তাদের হেদায়েতের জন্য নবি-রাসুল প্রেরণ করবেন এবং কিয়ামত পর্যন্ত এ ধারা অব্যাহত থাকবে।

ক. 'খাতামুন' শব্দের অর্থ কী? ১

খ. আসমানি কিতাবে বিশ্বাস রাখতে হবে কেন? ২

গ. আফজালের কর্মকাণ্ডে কী বিশ্বাস রাখতে হবে কেন? ৩

ঘ. আফতাবের এরূপ ধারণার পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৩.** ▶ সৌরভ একটি আলোচনা সভায় এক বক্তাকে বলতে শুনল যে, মানবজীবনে ইহকালীন ও পরকালীন কল্যাণের জন্য শুধুমাত্র কুরআন জানা ও মানা আবশ্যক। হাদিসের অনুসরণ প্রয়োজন নেই। বক্তব্য শুনে সে দ্বিধাদ্বন্দ্বে পড়ে স্থানীয় এক ইমাম সাহেবকে বললে তিনি সূরা আল-হাশরের ৭নং আয়াতখানা পাঠ করে এর অর্থ ও ব্যাখ্যা শুনিয়ে দেন। অর্থ 'রাসুল তোমাদের যা প্রদান করেন তা তোমরা গ্রহণ কর। আর যা নিষেধ করেন তা থেকে বিরত থাক।'

ক. শরিয়তের তৃতীয় উৎস কী? ১

খ. কিয়াসের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. আলোচনা সভার বক্তার বক্তব্যটি ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা পবিত্র কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৪.** ▶ জনাব মুরাদ একজন ধার্মিক ও ধনী লোক। ইসলামের বিধি-বিধানগুলো পালনের সাথে সাথে তিনি প্রচুর দান-খয়রাতও করেন। তার বাড়িতে ইয়াতিম ও ভিক্ষুক আসলে তিনি তাদের সাথে সুন্দর ব্যবহার করেন এবং তাদেরকে বিভিন্নভাবে সাহায্য করেন। অন্যদিকে মিসেস আলেয়ার কাছে কেউ গৃহস্থালির প্রয়োজনীয় জিনিস চাইতে আসলে তিনি থাকা সত্ত্বেও তা দিতে অস্বীকার করেন।

ক. সূরা আততীন কোথায় অবতীর্ণ হয়? ১

খ. তাকরিরি হাদিস কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. কোন সূরার শিক্ষার প্রভাবে জনাব মুরাদ এরূপ দানশীল হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মিসেস আলেয়ার এরূপ কর্মকাণ্ড সূরা আল-মাউনের আলোকে মূল্যায়ন কর। ৪

**৫.** ▶ শরীফ ও আরিফ দুই সহোদর। উভয়ই ব্যবসার মাধ্যমে অঢেল সম্পদের মালিক হয়েছেন। প্রতি বছর রমজান মাসে তার সম্পদ থেকে কিছু অর্থ আত্মীয়স্বজন ও গরিব-দুঃখীদের মাঝে বিতরণ করেন। অপরদিকে কেউ আরিফকে হজ করতে বললে তিনি বলেন, এটা তো এক প্রকার অপচয়। এভাবে অর্থ অপচয় না করে তা গরিব-দুঃখীদেরকে দান করলে তারা উপকৃত হবে।

ক. 'সালাত' এর ফার্সি প্রতিশব্দ কী? ১

খ. ইসলামে ইলম অর্জন করা ফরজ কেন? ব্যাখ্যা কর। ২

গ. শরীফের দানের মাধ্যমে যাকাত আদায় হয়েছে কী? ব্যাখ্যা কর। ৩

ঘ. হজের ব্যাপারে আরিফের ধারণার পরিণতি কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

**৬.** ▶ আজমল সাহেব উচ্চ শিক্ষিত হলেও তার কথাবার্তা ও আচার-আচরণে সৌজন্যবোধের চিহ্নমাত্র নেই। তার চাল-চলন, উঠা-বসা, লেনদেন সবকিছুই আপত্তিকর। অপরদিকে তারই বন্ধু আসগর সাহেবের সততা, সদাচার, সুন্দর স্বভাব, মিষ্টিকথা ও উন্নত চরিত্রে সবাই মুগ্ধ।

ক. ইসলাম শিক্ষার মূল উৎস কয়টি? ১

খ. একজন শিক্ষার্থীর যে কোনো দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২

গ. আজমল সাহেবের শিক্ষায় কোন দিকটির অভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আসগর সাহেবের এরূপ আচরণ ইসলামের আলোকে মূল্যায়ন কর। ৪

**৭.** ▶ জনাব রফিক ও জনাব শফিক দুই ব্যবসায়ী। রফিক বেশি লাভের আশায় পণ্যসামগ্রী গুদামজাত করে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেন। তার বিরুদ্ধে জাল মুদ্রা চালিয়ে দেওয়া, অন্যের হক নষ্ট করা এবং মিথ্যা সাক্ষ্য দেওয়ারও অভিযোগ রয়েছে। অন্যদিকে জনাব শফিক কথাবার্তা, কাজকর্ম ও আচার-আচরণে সততা অবলম্বন করেন।

ক. সুদ এর আরবি প্রতিশব্দ কী? ১

খ. আমানত রক্ষা করতে হবে কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব রফিকের মধ্যে আখলাকে যামীমাহ এর কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শফিকের এরূপ কাজের প্রভাব ও সুফল বিশ্লেষণ কর। ৪

**৮.** ▶ জনাব শরীফ উদার ও উন্নত চরিত্রের একজন মানুষ। মানুষ ও অন্যান্য সৃষ্টির প্রতি তার অসীম দরদ। তিনি ক্ষুধার্তকে যেমন অন্নদান করেন, বস্ত্রহীনকে বস্ত্রদান করেন তেমনি অসহায়কে আশ্রয় দান করেন এবং রোগীর সেবা করেন। অন্যদিকে জনাব আনিস নারীদের যেমন শ্রদ্ধা করেন তেমনি তাদের প্রতি সদয় আচরণ করেন।

ক. আখলাক শব্দের অর্থ কী? ১

খ. ওয়াদা পালন করা মুমিনের বৈশিষ্ট্য কেন? ব্যাখ্যা কর। ২

গ. জনাব শরিফের এরূপ কার্যাবলি আখলাকে হামিদার কোন গুণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জনাব আনিসের চরিত্র মহানবি (স) এর চারিত্রিক গুণাবলি অনুসরণের প্রতিফল।' বিশ্লেষণ কর। ৪

**৯.** ▶ জনাব আব্দুল হক রহমতপুর ইউনিয়নের চেয়ারম্যান। তিনি ইউনিয়নের সার্বিক উন্নয়নে অত্যন্ত তৎপর। ন্যায়-বিচারের স্বার্থে তিনি আপন-পর পার্থক্য করেন না। তিনি সংশ্লিষ্ট সকলের সাথে পরামর্শ করে কাজ করেন। তার ইউনিয়নের একটি গ্রামে চুরি-ডাকাতি ও বিশৃঙ্খলা বেড়ে গেলে স্থানীয় মেম্বার জনাব আবুল খায়ের গ্রামের যুবকদেরকে নিয়ে একটি শান্তি সংঘ গড়ে তোলেন। মুরব্বীদের সহযোগিতায় ঐ যুবসংঘ গ্রামে বিশৃঙ্খলা দূর করে শান্তি স্থাপন করতে সক্ষম হয়।

ক. 'যুননুরাইন' বলা হয় কাকে? ১

খ. প্রাক-ইসলামি যুগে নারীদের অবস্থা কেমন ছিল? ব্যাখ্যা দাও। ২

গ. আবুল খায়েরের পদক্ষেপটি মহানবি (স)-এর কোন উদ্যোগের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আব্দুল হকের কর্মতৎপরতা হযরত উমর (রা)-এর জীবনাদর্শের আলোকে মূল্যায়ন কর। ৪

# সকল বোর্ড-২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **ইসলাম ও নৈতিক শিক্ষা: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. হযরত দাউদ (আ) পেশায় কী ছিলেন?**
K কামার L কৃষক
M রাখাল N মিস্ত্রি

**২. 'তাযকিয়াতুন নাফস' অর্জন করার মাধ্যম–**
i. তাওবা ও ইসতিগফার
ii. তাওয়াক্কুল ও যুহদ
iii. শোকর ও সালাত
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**৩. জীবিকা অর্জন না করে বসে থাকা ইসলামের কোন বিধানের লঙ্ঘন?**
K ফরয L ওয়াজিব
M সুন্নাত N নফল

**৪. 'হিংসা' শব্দের আরবি প্রতিশব্দ কোনটি?**
K الفتنة (আল-ফিতনাতু)
L الغش (আল-গাস্সু)
M الحسد (আল-হাসাদু)
N الربوا (আল-রিবা)

**৫. 'কাওয়ায়েদুল হান্দাসা' কোন বিষয়ের ওপর লিখিত গ্রন্থ?**
K ভূগোল L গণিত
M রসায়ন N পদার্থ

**৬. 'আস সাবউল মুয়াল্লাকাহ' অর্থ কী?**
K সাতটি ঝুলন্ত গীতি কবিতা
L মুখরোচক কাহিনী
M প্রবাদ-প্রবচন N আরবদের জীবনলেখ্য

**৭. আল-জামি গ্রন্থে কোনগুলো আলোচিত হয়েছে?**
K পদার্থ, রসায়ন ও চিকিৎসা
L গণিত, ভূগোল ও জ্যোতির্বিদ্যা
M জ্যোতির্বিদ্যা, দর্শন ও চিকিৎসা
N তাফসির, হাদিস ও ফিকহ

**৮. কোনটির পার্শ্বে 'জাবালে রহমত' অবস্থিত?**
K মক্কা শরিফ L মদিনা শরিফ
M বদর প্রান্তর N আরাফাতের ময়দান

**৯. আল-কিন্দি কত খ্রিস্টাব্দে ইন্তেকাল করেন?**
K ৮৬৪ L ৮৭৪
M ৮৮৪ N ৮৯৪

**১০. ইমাম আবু হানিফা (রহ) কে ইমাম আজম বা বড় ইমাম বলার কারণ হচ্ছে–**
K জীবনে ৫৫ বার হজ করা
L একাধারে ৩০ বছর রোযা রাখা
M ফিক্হ শাস্ত্রে সর্বাধিক অবদান রাখা
N সর্বাধিক সময় ইবাদতে মগ্ন থাকা

**১১. 'নিশ্চয়ই আল্লাহর নিকট ইসলামই একমাত্র মনোনীত ধর্ম বা জীবনব্যবস্থা।'- পবিত্র কুরআনের এ আয়াতখানা কোন সূরার অন্তর্গত?**
K সূরা আল-বাকারাহ L সূরা আলে ইমরান
M সূরা আন-নিসা N সূরা আল-মায়িদা

**১২. পবিত্র কুরআনে কয়টি সূরা আছে?**
K ১১২ L ১১৩
M ১১৪ N ১১৫

**১৩. কোন সূরায় মহান আল্লাহর একাত্ববাদের বর্ণনা রয়েছে?**
K সূরা আদদোহা L সূরা আত্-তীন
M সূরা আল-মাউন N সূরা আল-ইখলাস

**১৪. শরীফ সাহেব পবিত্র কুরআনের বাণী নিয়ে উপহাস করেন। তার এ কর্মকাণ্ড কিসের অন্তর্ভুক্ত?**
K কুফর L ফিসক
M নিফাক N শিরক

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
আওকাত সাহেব মহানবি হযরত মুহাম্মদ (স) কে নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করেন এবং তার সমালোচনা করেন।

**১৫. এরূপ কাজ কার কাজের সাথে সাদৃশ্যপূর্ণ?**
K কাফির L যালিম
M মুরতাদ N মুশরিক

**১৬. এমতাবস্থায় আওকাত সাহেবের করণীয়–**
i. পুনরায় ইমান আনা
ii. খাঁটি মনে তাওবা করা
iii. অনুশোচনায় দগ্ধ হওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M ii ও iii N i, ii ও iii

**১৭. 'আল-মাজীদ' শব্দের অর্থ কী?**
K নিরাময় L সদুপদেশ
M সম্মানিত N উপদেশ

**১৮. ফাহাদ সাহেবের ধারণা নবুওয়াতের ধারা কিয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে। ফাহাদ সাহেবের এরূপ ধারণা কোন বিশ্বাসের বিপরীত?**
i. ইমান ও ইসলামের
ii. খাতমে নবুওয়াতের
iii. ইমান ও রিসালাতের
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i, ii ও iii

**১৯. মুনকার ও নাকির ফেরেশতাদ্বয় কবরে কাদেরকে তিনটি প্রশ্ন করবেন?**
K সকল মানুষ L ইমানদারগণ
M মুত্তাকীগণ N পাপীগণ

**২০. মুসলিম মনীষীগণ শরিয়তের বিষয়বস্তুকে প্রধানত কয়টি ভাগে ভাগ করেছেন?**
K তিন L চার
M পাঁচ N ছয়

**২১. মাদানি সূরার বৈশিষ্ট্য হলো, এতে বর্ণিত হয়েছে–**
K তাওহিদ ও রিসালাত
L আখিরাত ও কিয়ামত
M শিরক ও কুফর N হালাল ও হারাম

**২২. রমযান মাসে তারাবির নামায বিশ রাকাত হওয়ার তথ্যসূত্র কোনটি?**
K কুরআন L সুন্নাহ
M ইজমা N কিয়াস

**২৩. القمر (আল-কামারু) শব্দের অর্থ কী?**
K সূর্য L চন্দ্র
M জ্যোতি N নক্ষত্র

**২৪. যে হাদিসের ভাষা রাসুলুল্লাহ (স) এর এবং ভাব আল্লাহ তায়ালার সেটি কোন ধরনের হাদিস?**
K মারফু L কুদসি
M মাওকুফ N মাকতু

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:**
ফাহিম সালাত আদায় করতে গিয়ে রুকু থেকে উঠে সোজা হয়ে না দাঁড়িয়ে সিজদায় চলে যায়।

**২৫. ফাহিম শরিয়তের কোন বিধানটি পরিত্যাগ করেছে?**
K সুন্নাত L মুস্তাহাব
M ওয়াজিব N ফরয

**২৬. ফাহিম যে বিধান লঙ্ঘন করেছে তার অনুরূপ বিধান–**
i. দুই ঈদের সালাত আদায় করা
ii. বিতরের সালাত আদায় করা
iii. আযান ও ইকামত
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M iii N i, ii ও iii

**২৭. মকবুল মিয়া রাগের মাথায় তার ছাগলটিকে গলা টিপে হত্যা করে এবং পরে জবাই করে উহার গোশত খায়। মকবুল মিয়ার কাজটি–**
K হালাল L হারাম
M মুবাহ N মাকরুহ

**২৮. 'অতএব হে চক্ষুষ্মানগণ! তোমরা শিক্ষা গ্রহণ কর।'- আয়াতখানা দ্বারা কোনটিকে বুঝানো হয়েছে?**
K কুরআন L সুন্নাহ
M ইজমা N কিয়াস

**২৯. বিশ্বস্ত, সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন কাদের সাথে থাকবেন?**
K শহিদ L হাফিজ
M আলিম N মুমিন

**৩০. 'জ্বিন ও মানবজাতিকে আমি (আল্লাহ) আমার ইবাদতের জন্যই সৃষ্টি করেছি।'-আয়াতখানা পবিত্র কুরআনের কোন সূরা থেকে নেওয়া হয়েছে?**
K আয-যারিয়াত L আল-হাশর
M আল-জুমুআহ N আল-বায়্যিনাহ

**৩১. আল্লামা ওয়াকি (রহ) এর মতে একজন ভালো ছাত্রের একমাত্র বৈশিষ্ট্য কোনটি?**
K বুঝে শুনে মুখস্থ করা
L লজ্জাশীল ও বিনীত হওয়া
M সকল পাপ কাজ বর্জন করা
N পাঠ তৈরি করে শ্রেণিতে যাওয়া

**৩২. শারীরিক সামর্থ্য থাকার পরও হাসান সাহেব রমযানের রোযা পালন করতে অস্বীকার করেন। তার কাজটি কিরূপ?**
K শিরক L কুফর
M নিফাক N যুলুম

**৩৩. হাজের ফরয কয়টি?**
K তিন L চার
M পাঁচ N ছয়

**৩৪. নৈতিকতা বলতে বোঝায়–**
i. সততা ও ন্যায়-অন্যায়বোধ
ii. সৌজন্যমূলক ও সুন্দর স্বভাব
iii. সুমধুর বচন ও উন্নত চরিত্র
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M ii ও iii N i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও:**
জনৈক সাংবাদিক তার পত্রিকায় সত্য ও ন্যায়ের পক্ষে এবং অসত্য ও অন্যায়ের বিরুদ্ধে লিখে মানুষকে সঠিক পথে আনার চেষ্টা করছেন।

**৩৫. সাংবাদিকের এরূপ প্রচেষ্টা হলো–**
i. জ্ঞানের জিহাদ ii. লেখনীর জিহাদ
iii. অস্ত্রের জিহাদ
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i, ii ও iii

**৩৬. এরূপ প্রচেষ্টার মাধ্যমে উক্ত সাংবাদিক পালন করেছেন–**
K ফরয L ওয়াজিব
M সুন্নাত N নফল

**৩৭. 'নিশ্চয়ই আপনি (নবি সা) সুমহান চরিত্রের ধারক।' আয়াতখানা কোন সূরা থেকে নেওয়া হয়েছে?**
K আত্-তাওবাহ L আল-কালাম
M আল-বুরুজ N আল-কাদর

**৩৮. 'নাহি আনিল মুনকার' প্রতিষ্ঠা করার জন্য কোনগুলোর প্রয়োজনীয়তা সর্বাধিক?**
K সম্মান, ক্ষমতা ও ক্ষমা
L অর্থ, খ্যাতি ও উদারতা
M হাত, মুখ ও অন্তর
N আকিদা, ইলম ও ফযিলত

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:**
আসলাম ও তার সঙ্গীরা তাদের পাড়ায় একটি সমিতি গড়ে তোলে। সেখান থেকে মানুষকে টাকা ঋণ দিয়ে কিছু টাকা বেশি নেয়। সেই সমিতিতে মাওলানা দৌলতপুরী হিসাবরক্ষক পদে চাকরি করেন।

**৩৯. আসলামদের এরূপ উদ্যোগ কিসের অন্তর্ভুক্ত?**
K ব্যবসায়ের L সুদের
M সহযোগিতা N ঘুষের

**৪০. মাওলানা দৌলতপুরীর ইবাদত আল্লাহর নিকট–**
i. গৃহিত ii. বর্জনীয়
iii. প্রশংসনীয়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M i ও ii N i, ii ও iii

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | K | ২ | N | ৩ | K | ৪ | M | ৫ | L | ৬ | K | ৭ | M | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | M | ১৩ | N | ১৪ | K | ১৫ | K | ১৬ | N | ১৭ | M | ১৮ | N | ১৯ | K | ২০ | K |
| | ২১ | N | ২২ | M | ২৩ | L | ২৪ | L | ২৫ | M | ২৬ | L | ২৭ | L | ২৮ | K | ২৯ | K | ৩০ | K | ৩১ | M | ৩২ | L | ৩৩ | K | ৩৪ | N | ৩৫ | M | ৩৬ | K | ৩৭ | L | ৩৮ | M | ৩৯ | L | ৪০ | L |